উত্তর : ১৫০০০ টাকা।

১৫। কোনো ব্যাংক থেকে বার্ষিক ৬% মুনাফায় কিছু টাকা ঋণ নিয়ে দুই বছর পর ১২০০ টাকা মুনাফা দেওয়া হলো। আসল কত টাকা ছিল?

উত্তর : ১০০০০ টাকা।

১৬। রাশিদুল ১৫০০০ টাকা ধার নিয়ে এক বছর পর ১৫৯০০ টাকা ফেরত দিল। বার্ষিক মুনাফার হার কত ছিল?

উত্তর : ৬%

১৭। সান্তার সাহেব একটি ব্যাংক থেকে ৬% বার্ষিক মুনাফায় ২০০০০ টাকা ঋণ নিলেন। এক বছর পর তাকে কত টাকা মুনাফা দিতে হবে?

উত্তর : ১২০০ টাকা।

১৮। বিকরগাছা থানায় মোট জনসংখ্যা ১২০০০ জন। তার মধ্যে শতকরা ৮৫% লোক শিক্ষিত। শিক্ষিত লোকের সংখ্যা নির্ণয় কর।

উত্তর : ১০২০০ জন।

১৯। কোনো পরীক্ষায় ৯২% শিক্ষার্থী এ প্লাস পেয়েছে। ১২৪২ জন এ প্লাস পেলে মোট শিক্ষার্থীর সংখ্যা কত?

- উত্তর : ১৩৫০ জন।
- ২০। ৭% হারে ৩০০ টাকার ৪ বছরের মুনাফা কত?  
উত্তর : ৮৪ টাকা।
- ২১। কিছু কলম ৫০ টাকায় ক্রয় করে ৪৬ টাকায় বিক্রয় করলে শতকরা কত ক্ষতি হবে?  
উত্তর : ৮ টাকা।
- ২২। কিছু ডিম ৫০ টাকায় ক্রয় করে ৫৫ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?  
উত্তর : ১০ টাকা।
- ২৩। ক্রয়মূল্য অপেক্ষা বিক্রয়মূল্য বেশি হলে কী হয়?  
উত্তর : লাভ হয়।
- ২৪। লাভ ও ক্ষতি কিসের উপর হিসাব করা হয়?  
উত্তর : লাভ ও ক্ষতি ক্রয়মূল্যের উপর হিসাব করা হয়।
- ২৫। আসল নির্ণয়ের সূত্রটি লেখ।  
উত্তর : আসল =  $\frac{\text{মুনাফা} \times ১০০}{\text{মুনাফার হার} \times \text{সময়}}$
- ২৬। শতকরা কী?  
উত্তর : শতকরা একটি ভগ্নাংশ, প্রতিক্ষেত্রে যার হর ১০০।
- ২৭। শতকরা মুনাফার হার বলতে কী বোঝ?  
উত্তর : ১০০ টাকার ওপর ১ বছরের মুনাফা।
- ২৮। মুনাফা কী?  
উত্তর : আসল টাকার অতিরিক্ত যে টাকা ব্যাংক প্রদান করে তা হচ্ছে ব্যাংক প্রদত্ত মুনাফা।
- ২৯। মুনাফা নির্ণয়ের সূত্রটি লেখ।  
উত্তর :  $\frac{\text{আসল} \times \text{হার} \times \text{সময়}}{১০০}$
- ৩০। লাভ বা ক্ষতি কিসের ওপর নির্ভর করে?  
উত্তর : ক্রয়মূল্যের ওপর
- ৩১। বার্ষিক ৭% মুনাফা অর্থ কী?  
উত্তর : ১০০ টাকার ১ বছরের মুনাফা ৭ টাকা।
- ৩২। ৫% ক্ষতি কথাটির অর্থ কী?  
উত্তর : ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ৯৫ টাকা।

#### কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

| ১ | শ্রেণি | মোট | ছাত্র | ছাত্রী |
|---|--------|-----|-------|--------|
|   | ৪র্থ   | ৬০  | ৪০    | ২০     |
|   | ৫ম     | ৫০  | ৩০    | ২০     |

- (ক) ৪র্থ শ্রেণির ছাত্র সংখ্যা মোট সংখ্যার শতকরা কত? ২
- (খ) ৪র্থ শ্রেণির ছাত্রী সংখ্যা মোট সংখ্যার শতকরা কত? ২
- (গ) ৫ম শ্রেণি ছাত্র সংখ্যা মোট সংখ্যার শতকরা কত? ২
- (ঘ) ৫ম শ্রেণি ছাত্রী সংখ্যা মোট সংখ্যার শতকরা কত? ২

#### ২ একটি বিদ্যালয়ের ৬০ জন শিক্ষার্থীর ১৫% ছাত্রী।

- (ক) বিদ্যালয়ে মোট ছাত্রী সংখ্যা কত? ২
- (খ) যদি শিক্ষার্থী ৪০ জন হবে তবে মোট ছাত্রী সংখ্যা কত হবে? ২
- (গ) যদি প্রদত্ত শিক্ষার্থীর ২০% ছাত্রী হয় এক্ষেত্রে ছাত্রী সংখ্যা কত? ২
- (ঘ) ২৫% ছাত্রী হলে মোট ছাত্রী সংখ্যা কত জন? ২

#### ৩ রায়হান সাহেব একটি ব্যাংক থেকে ৫% বার্ষিক মুনাফায় ২০০০ টাকা ঋণ নিল।

- (ক) প্রতি বছর তাকে কত টাকা মুনাফা দিতে হবে? ২
- (খ) যদি ৬% মুনাফায় প্রদত্ত ঋণে প্রতি বছর কত টাকা মুনাফা দিতে হবে? ২
- (গ) যদি ৪% মুনাফায় প্রদত্ত ঋণের পরিমাণ ঋণ নিত তবে প্রতি বছর কত টাকা কম মুনাফা দিতে হতো? ২
- (ঘ) ৮% মুনাফায় তাকে প্রতিবছর কত টাকা মুনাফা দিতে হবে? ২

#### ৪ কোনো ব্যাংক থেকে বার্ষিক ৮% মুনাফায় কিছু টাকা ঋণ নিয়ে, এক বছর পর ৪০০ টাকা মুনাফা দেওয়া হলে—

- (ক) আসল কত ছিল?  
 (খ) এক বছর পর মুনাফা ১০০ বেশি হলে আসল কত হতো?  
 (গ) আসল কত হলে এক বছর পর মুনাফা ২০০ টাকা বেশি হতো?  
 (ঘ) যদি এক বছর পর মুনাফা ১০০ টাকা কম দেয় তবে আসল কত হবে?

**৫** জাবের সাহেব কোনো ব্যাংক থেকে বার্ষিক ৮% মুনাফায় কিছু টাকা ঋণ নিয়ে, এক বছর পর ১২৯৬ টাকা দিলে-

- (ক) আসল কত ছিল? ২  
 (খ) এক বছর পর ১১৮৮ টাকা দিলে আসল কত হবে? ২  
 (গ) আসল কত হবে যদি এক বছর পর ১৬২০ টাকা পরিশোধ করে? ২  
 (ঘ) যদি এক বছর পর ২১৬০ টাকা পরিশোধ করে তবে আসল কত হবে? ২

**৬** আবির হোসেন একটি ব্যাংক থেকে ৪৫০০ টাকা ঋণ নিলেন। বার্ষিক ৮% মুনাফা আসলের উপর ধার্য করা হলো।

- (ক) ৩ বছর পর তাকে মোট কত টাকা পরিশোধ করতে হবে? ২  
 (খ) ৫ বছর তাকে মোট কত টাকা পরিশোধ করতে হবে? ২  
 (গ) ১০ বছর পর মোট কত টাকা পরিশোধ করতে হবে? ২  
 (ঘ) কত বছর পর মোট মুনাফার পরিমাণ ২৫২০ টাকা হবে? ২

**৭** একটি দোকানে ২৫০০ টাকার পণ্য ১০% কমে বিক্রয় করা হলো।

- (ক) পণ্যটির বিক্রয়মূল্য কত? ২  
 (খ) ১৫% ক্ষতিতে বিক্রয় করলে বিক্রয়মূল্য কত হতো? ২  
 (গ) ২০% ক্ষতিতে বিক্রয় করলে বিক্রয়মূল্য কত হতো? ২  
 (ঘ) ২৫% লাভে বিক্রয় করলে বিক্রয়মূল্য কত হবে? ২

**৮** একজন বিক্রেতা কৃষকের কাজ থেকে এক বুড়ি সবজি কিনে ১০% লাভে ৬৬০০ টাকায় বিক্রয় করলেন।

- (ক) সবজির ক্রয়মূল্য কত ছিল? ২  
 (খ) ২০% লাভে প্রদত্ত টাকায় বিক্রয় করলে ক্রয়মূল্য কত হবে? ২  
 (গ) ক্রয়মূল্য কত হলে ৩০% লাভে প্রদত্ত বিক্রয়মূল্য পাওয়া যাবে? ২  
 (ঘ) ৪০% লাভে প্রদত্ত বিক্রয়মূল্যের ক্রয়মূল্য কত হবে? ২

**৯** একটি কলম ৬০ টাকায় ক্রয় করে ৫৪ টাকায় বিক্রয় করা হলো।

- (ক) কত টাকা লাভ বা ক্ষতি হলো? ২  
 (খ) ১ টাকায় কত লাভ বা ক্ষতি হলো? ২  
 (গ) শতকরা কত লাভ বা ক্ষতি হলো? ২  
 (ঘ) কলমটির ক্রয়মূল্যের ১৫% কত টাকা? ২


**১০** ৪৮ টাকা ডজন দরে কলা ক্রয় করে ৫০% লাভে বিক্রি করা হল।

- (ক) ১ হালি কলার ক্রয় মূল্য কত? ২  
 (খ) এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত? ৩  
 (গ) ১ কুড়ি কলা ১২০ টাকায় বিক্রি করলে ২০% লাভ হয়। তাহলে ১ কুড়ি কলার ক্রয়মূল্য কত? ৩

অধ্যায়: ১০ (জ্যামিতি)

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১। নিচের চিত্রে 'ক' কোণের পরিমাণ কত ডিগ্রী?



- (ক) ৩০° (খ) ৪৫° (গ) ৬০° (ঘ) ৮০°


০২। নিচের চিত্রগুলোর মধ্যে কোন সাধারণ বৈশিষ্ট্যটি বিদ্যমান?



- (ক) বাহুগুলো সমান (খ) কর্ণদ্বয় সমান (গ) কোণগুলো সমান (ঘ) বিপরীত বাহুগুলো সমান

০৩।





চিত্রের কখগঘ চিহ্নিত চতুর্ভুজের নাম কী?


(ক) আয়তক্ষেত্র

(খ) বর্গ

(গ) রম্বস

(ঘ) সামান্তরিক

০৪।



চিত্রের চতুর্ভুজটির কখ বাহুটির বিপরীত বাহু কোনটি?


(ক) খগ

(খ) কখ

(গ) গঘ

(ঘ) কগ

০৫। চিত্রে কগ কর্ণের দৈর্ঘ্য ৪ সেমি হলে, খম এর দৈর্ঘ্য কত সেমি?




(ক) ১

(খ) ২

(গ) ৩

(ঘ) ৪

০৬। পাশের চিত্রের প্রতিটি কোণের পরিমাণ কত?




(ক)  $30^\circ$

(খ)  $85^\circ$

(গ)  $60^\circ$

(ঘ)  $90^\circ$

০৭।



চিত্রে  $\angle কখঘ = 85^\circ$  হলে  $\angle কখগ =$  কত?


(ক)  $60^\circ$

(খ)  $85^\circ$

(গ)  $90^\circ$

(ঘ)  $135^\circ$

০৮।



চিত্রে  $\angle কখঘ + \angle কখগ + \angle কঘখ =$  কত?


(ক)  $60^\circ$

(খ)  $90^\circ$

(গ)  $180^\circ$

(ঘ)  $270^\circ$

০৯। চিত্রে  $\angle কখগ = 90^\circ$  হলে, নিচের কোনটি সঠিক?




(ক)  $\angle কগঘ = 85^\circ$

(খ)  $\angle কঘগ = 90^\circ$

(গ)  $\angle ঘখক = 120^\circ$

(ঘ)  $\angle গকখ = 360^\circ$

১০। চিত্রে  $\angle কমখ =$  কত ডিগ্রি?




(ক)  $60^\circ$

(খ)  $80^\circ$

(গ)  $90^\circ$

(ঘ)  $180^\circ$

১১।



উপরের চিত্রে  $\angle$ ঘকখ এর মান কত?


(ক)  $85^\circ$

(খ)  $60^\circ$

(গ)  $80^\circ$

(ঘ)  $90^\circ$

১২।



চিত্রের কগ রেখাটিকে কী বলা হয়?

(ক) জ্যা

(খ) বাহু

(গ) কর্ণ

(ঘ) রস্থস

১৩। নিচের কোন চিত্রটি একটি রস্থসের?


(ক)

(খ)

(গ)

(ঘ)

১৪।



কখগ চিত্রের নির্দেশিত কোণের মান কত?

(ক)  $120^\circ$

(খ)  $60^\circ$

(গ)  $90^\circ$

(ঘ)  $85^\circ$

১৫। ব্যাস ব্যাসার্ধের কত গুণ?

(ক) দ্বিগুণ

(খ) তিনগুণ

(গ) চারগুণ

(ঘ) পাঁচগুণ

১৬। বর্গ ও আয়তের মধ্যে নিচের কোন সাধারণ বৈশিষ্ট্যটি বিদ্যমান?

(ক) সকল বাহু সমান

(খ) কোণগুলো সমকোণ

(গ) কোণগুলো সূক্ষ্মকোণ

(ঘ) বিপরীত বাহুগুলো অসমান

১৭। নিচের কোনগুলোর প্রত্যেকটি কোণ সমকোণ?

(ক) আয়ত ও রস্থস

(খ) রস্থস ও সামান্তরিক

(গ) বর্গ ও আয়ত

(ঘ) বর্গ ও রস্থস

১৮। চতুর্ভুজের কয়টি কর্ণ থাকে?

(ক) ১টি

(খ) ২টি

(গ) ৩টি

(ঘ) ৪টি

১৯। চতুর্ভুজের কয়টি শীর্ষবিন্দু থাকে?

(ক) ২টি

(খ) ৩টি

(গ) ৪টি

(ঘ) ৫টি

২০। সামান্তরিকের কর্ণ কয়টি?

(ক) ১টি

(খ) ২টি

(গ) ৩টি

(ঘ) ৪টি

২১। সামান্তরিকের কয় জোড়া বিপরীত কোণ আছে?

(ক) ১

(খ) ২

(গ) ৩

(ঘ) ৪

২২। রস্থসের কয়টি বাহু পরস্পর সমান?

(ক) ১টি

(খ) ২টি

(গ) ৩টি

(ঘ) ৪টি

২৩। সামান্তরিকের কয়জোড়া বাহু পরস্পর সমান ও সমান্তরাল?

(ক) ২টি

(খ) ৩টি

(গ) ৪টি

(ঘ) ৫টি

২৪। আয়তের প্রত্যেকটি কোণের পরিমাপ কত?

(ক)  $90^\circ$

(খ)  $85^\circ$

(গ)  $180^\circ$

(ঘ)  $60^\circ$

২৫। বর্গের কয়টি কোণ সমকোণ?

(ক) ১টি

(খ) ২টি

(গ) ৩টি

(ঘ) ৪টি

২৬। নিচের কোনটির ২টি বাহু থাকে?

(ক) কোণ

(খ) ত্রিভুজ

(গ) ট্রাপিজিয়াম

(ঘ) কর্ণ

২৭। বর্গের প্রতিটি কোণ কেমন?

(ক) সমকোণ

(খ) সরলকোণ

(গ) সূক্ষ্মকোণ

(ঘ) স্থূলকোণ

২৮। যে চতুর্ভুজের চারটি বাহু সমান কিন্তু কোনো কোণ এক সমকোণ নয় তাকে কী বলে?

(ক) বর্গ

(খ) আয়ত

(গ) রম্বস

(ঘ) সামান্তরিক

২৯। নিচের কোন চতুর্ভুজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল?

(ক) আয়ত

(খ) সামান্তরিক

(গ) বৃত্ত

(ঘ) ক ও খ

সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর


০১। একটি ব্ল্যাক বোর্ডের আকার আয়তাকার হলে এর চার কোণায় কোন ধরনের কোণ রয়েছে?

উত্তর : সমকোণ।

০২। তোমার গণিত বইয়ের কর্ণারে কী ধরনের কোণ রয়েছে?


উত্তর : সমকোণ।

০৩। সামান্তরিকের  $\angle$ ক এর সমান কোণ কোনটি?



উত্তর :  $\angle$ কঘগ


০৪।



কখগঘ রম্বসের  $\angle$ ঘ ঙ গ কোণের পরিমাপ কত ডিগ্রী?

উত্তর :  $৯০^\circ$


০৫।



চিত্রটির নাম কী?

উত্তর : চতুর্ভুজ।


০৬।



চিত্রটির নাম কী?

উত্তর : সামান্তরিক


০৭।



চিত্রটির নাম কী?

উত্তর : রম্বস


০৮।



চতুর্ভুজের চারটি কোণের যোগফলের পরিমাণ কত?

উত্তর :  $৩৬০^\circ$

০৯।




বর্গক্ষেত্রের  $\angle$ ঘচগ কোণের মান কত?

উত্তর :  $৯০^\circ$

১০। আয়তের একটি কোণ  $৯০^\circ$  হলে, অপর কোণগুলোর প্রত্যেকটির মান কত?


উত্তর :  $৯০^\circ$


১১।





আয়তক্ষেত্রের কোণগুলোর পরিমাণ লেখ।


উত্তর :  $\angle$ কখগ =  $\angle$ খগঘ =  $\angle$ গঘক =  $\angle$ ঘকখ =  $৯০^\circ$

- ১২।  বর্গক্ষেত্রের কর্ণ দুইটির দৈর্ঘ্যের সম্পর্ক কিরূপ?  
উত্তর : কর্ণ কগ = কর্ণ খঘ।

- ১৩।  চতুর্ভুজটি কী ধরনের?  
উত্তর : ট্রাপিজিয়াম।

- ১৪।  চিত্রে কোনটি জ্যা?  
উত্তর : চম।

- ১৫।  চিত্রে কঘ = ২ সেমি হলে, খগ সমান কত?  
উত্তর : ৪ সেমি।

- ১৬।  কখ জ্যা দ্বারা বিভক্ত দুইটি বৃত্তচাপের নাম লেখ।  
উত্তর : কগখ, কঘখ।

- ১৭। রম্বসের কর্ণ দুইটি দ্বারা ছেদ বিন্দুতে উৎপন্ন প্রত্যেকটি কোণের পরিমাণ কত?  
উত্তর :  $90^\circ$ ।

- ১৮। বর্গের একটি কর্ণের দৈর্ঘ্য ৫ সেমি হলে, অপর কর্ণের দৈর্ঘ্য কত?  
উত্তর : ৫ সেমি।

- ১৯। চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি কত ডিগ্রী?  
উত্তর : ৩৬০ ডিগ্রী।

- ২০। একটি চতুর্ভুজের কয়টি কোণিক বিন্দু থাকে?  
উত্তর : ৪টি।

- ২১। ব্যাস ব্যাসার্ধের কত গুণ?  
উত্তর : দ্বিগুণ।

- ২২। চতুর্ভুজ কাকে বলে?  
উত্তর : চারটি রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্রকে চতুর্ভুজ বলে।

- ২৩। সামান্তরিকের বিপরীত বাহুগুলো কেমন?  
উত্তর : সামান্তরিকের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল।

- ২৪। রম্বসের কর্ণ দুইটি দ্বারা ছেদবিন্দুতে কয়টি কোণ তৈরি হয়?  
উত্তর : চারটি।

- ২৫। যে সামান্তরিকের একটি কোণ সমকোণ তাকে কী বলে?  
উত্তর : আয়ত।

- ২৬। আয়তের যেকোনো দুইটি সন্নিহিত বাহু সমান হলে তাকে কী বলে?  
উত্তর : বর্গ।

- ২৭। বর্গের প্রত্যেকটি কোণ কেমন?  
উত্তর : বর্গের প্রত্যেকটি কোণ সমকোণ।

- ২৮। বর্গের কর্ণদ্বয় পরস্পরকে কীভাবে দ্বিখন্ডিত করে?  
উত্তর : বর্গের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখন্ডিত করে।

- ২৯। রম্বসের বিপরীত কোণগুলো কেমন?  
উত্তর : রম্বসের বিপরীত কোণগুলো সমান।

- ৩০। রম্বস ও বর্গ-এর সাধারণ বৈশিষ্ট্য কী?  
উত্তর : বাহুগুলো সমান।

৩১। আয়তের প্রতিটি কোণ কত ডিগ্রি?

উত্তর :  $90^\circ$

৩২। বর্গ ও রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে কী করে?

উত্তর : সমকোণে সমদ্বিখন্ডিত করে।

৩৩। বর্গ ও রম্বসের চার বাহুর দৈর্ঘ্য কীরূপ?

উত্তর : সমান।

৩৪। জ্যা দ্বারা বিভক্ত বৃত্তের প্রত্যেক অংশকে কী বলে?


উত্তর : বৃত্তচাপ বা চাপ।

৩৫। ব্যাস ও ব্যাসার্ধের মধ্যে সম্পর্ক কী?

উত্তর : ব্যাস ব্যাসার্ধের দ্বিগুণ।

প্রশ্ন ১। চোখের আন্দাজে একটি সামান্তরিক, একটি রম্বস ও একটি আয়ত আঁক। প্রতিক্ষেত্রে মেপে দেখ, প্রত্যেক জোড়া বিপরীত বাহুর দৈর্ঘ্য সমান হয়েছে কিনা।

প্রশ্ন ২। চিত্র থেকে শনাক্ত কর : ৪



i. কেন্দ্র, ii. জ্যা, iii. চাপ ও iv. ব্যাসার্ধ।


প্রশ্ন ৩। চোখের আন্দাজে একটি সামান্তরিক আঁক যার একটি বাহুর দৈর্ঘ্য ৪ সে.মি. এবং পাশের একটি বাহুর দৈর্ঘ্য ৩ সে.মি.। এদের বিপরীত বাহু দুইটির দৈর্ঘ্য মাপ এবং প্রত্যেক জোড়া বিপরীত কোণের পরিমাপ নির্ণয় কর। সামান্তরিকটির কর্ণ দুইটি আঁক। এদের ছেদবিন্দুতে কর্ণদ্বয়ের চারটি খন্ডিতাংশের দৈর্ঘ্য মাপ।

প্রশ্ন ৪। চোখের আন্দাজে একটি সামান্তরিক, একটি রম্বস ও একটি আয়ত আঁক। প্রতিক্ষেত্রে কর্ণদ্বয় তাদের ছেদবিন্দুতে সমদ্বিখন্ডিত হয়েছে কিনা মেপে দেখ।

প্রশ্ন ৫। একটি চতুর্ভুজ আঁক। এর বাহু চারটি এবং কর্ণ দুইটির দৈর্ঘ্য মাপ। চতুর্ভুজটির কোণ চারটি মেপে তাদের পরিমাপের যোগফল নির্ণয় কর।

■ সংজ্ঞা লিখন


১। সামান্তরিক : যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান্তরাল তাকে সামান্তরিক বলে।



চিত্র : সামান্তরিক

ওপরের চিত্রে কখগঘ চতুর্ভুজটি একটি সামান্তরিক। এখানে, কখ ও গঘ বাহু পরস্পর সমান ও সমান্তরাল। আবার কঘ ও খগ বাহু পরস্পর সমান ও সমান্তরাল।


২। রম্বস : যে চতুর্ভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য সমান এবং বিপরীত বাহু গুলো সমান্তরাল কিন্তু কোনো কোণই সমকোণ নয়, তাকে রম্বস বলে।



চিত্র : রম্বস

চিত্রে, কখগঘ একটি রম্বস।


৩। আয়ত : যে সামান্তরিকের বিপরীত বাহুগুলো সমান এবং প্রত্যেকটি কোণ সমকোণ তাকে আয়ত বলে।



চিত্র : আয়ত

চিত্রে, কখগঘ একটি আয়ত।


৪। **বর্গ** : যে আয়তের সকল বাহু সমান এবং প্রত্যেক কোণ সমকোণ তাকে বর্গ বলে।



চিত্র : বর্গ


চিত্রে, কখগঘ একটি বর্গ।

৫। **বৃত্তচাপ** : জ্যা দ্বারা বিভক্ত বৃত্তের প্রত্যেক অংশকে বৃত্তচাপ বলে।




চিত্রে গঘ জ্যা বৃত্তটিকে গখঘ এবং গবঘ এই দুইটি অংশে ভাগ করেছে। সুতরাং গখঘ এবং গবঘ হলো বৃত্ত দুইটি বৃত্তচাপ।

৬। **ব্যাস** : বৃত্তের কেন্দ্রগামী জ্যাকে ব্যাস বলে। বৃত্তের প্রত্যেক ব্যাস বৃত্তকে দুইটি অর্ধবৃত্তে বিভক্ত করে।




চিত্রে খগ এমন একটি জ্যা যা বৃত্তের কেন্দ্র 'ক' দিয়ে গেছে। এক্ষেত্রে খগ হলো বৃত্তের একটি ব্যাস।

৭। **বৃত্তের জ্যা** : বৃত্তের যেকোনো দুইটি বিন্দুর সংযোজক রেখাংশ হলো বৃত্তের একটি জ্যা।



চিত্রে গঘ হলো বৃত্তের একটি জ্যা।


৮। **চতুর্ভুজ** : চারটি রেখাংশ দ্বারা আবদ্ধ বা সীমাবদ্ধ ক্ষেত্রকে চতুর্ভুজ বলে।



চিত্র : চতুর্ভুজ


চিত্রে, কখগঘ একটি চতুর্ভুজ। কখ, খগ, গঘ, ঘক রেখাংশ চারটি চতুর্ভুজের চারটি বাহু।

৯। **বৃত্ত** : বৃত্ত একটি আবদ্ধ বক্ররেখা যার প্রত্যেক বিন্দু ভিতরের একটি বিন্দু থেকে সমান দূরে।




চিত্রে খ গ ঘ একটি বৃত্ত। এর ভিতরে 'ক' একটি নির্দিষ্ট বিন্দু। ক থেকে খ, গ, ঘ এর দূরত্ব সমান।

১০। **বৃত্তের কেন্দ্র** : কেন্দ্র হলো বৃত্তের ভেতরে এমন একটি বিন্দু যা থেকে বৃত্তের উপরের প্রত্যেক বিন্দুর দূরত্ব সমান।



চিত্রে ক হলো খগঘ বৃত্তের কেন্দ্র।


১১। ব্যাসার্ধ : ব্যাসের অর্ধেককে ব্যাসার্ধ বলে। অর্থাৎ ব্যাস ব্যাসার্ধের দ্বিগুণ।



চিত্রে ব্যাস খগ এর অর্ধেক হলো খক বা কগ। তাহলে খক বা কগ প্রত্যেকে বৃত্তের ব্যাসার্ধ।

### কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১১



কখ = ২ সে.মি.

- (ক) উপরের চিত্রটি কিসের? এটি আঁকার জন্য কী কী উপকরণ লাগে? ২  
 (খ) কী কী গোলাকার বস্তু ব্যবহার করে চিত্রটি আঁকা যায়? ২  
 (গ) কোন রেখাংশটি বৃত্তটিকে সমান দুই ভাগে ভাগ করেছে? ২  
 (ঘ) বৃত্তটির ব্যাস কত? ২

অধ্যায়: ১১ (পরিমাপ)

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

- ০১। ৭৬৫৪ কেজিতে কত কুইন্টাল?  
 (ক) ৭৬৫৪০০ কুইন্টাল (খ) ৭৬৫.৪ কুইন্টাল (গ) ৭৬.৫৪ কুইন্টাল (ঘ) ৭.৬৫৪ কুইন্টাল
- ০২। ৯ কিলোমিটার ২২৫ মিটারে কত মিটার?  
 (ক) ৯০২২৫ মিটার (খ) ৯২২৫ মিটার (গ) ৯২২৫০০ মিটার (ঘ) ৯২২৫০০০ মিটার
- ০৩। ১৫ কিলোগ্রামে কত গ্রাম?  
 (ক) ০.১৫ গ্রাম (খ) ০.০১৫ গ্রাম (গ) ১৫০০ গ্রাম (ঘ) ১৫০০০ গ্রাম
- ০৬। ০.০০৭ মিটার = কত সেমি?  
 (ক) ০.৭ (খ) ৭ (গ) ০.০৭ (ঘ) ৭০
- ০৭। ৭ কিলোমিটার ৫ মিটারকে মিটারে প্রকাশ করলে কোনটি হবে?  
 (ক) ৭০৫০ (খ) ৭০৫ (গ) ৭০০৫ (ঘ) ৭৫
- ০৮। ২০ কেজি ২৫০ গ্রামকে কেজিতে রূপান্তর করলে নিচের কোনটি হবে?  
 (ক) ২০২৫০ কেজি (খ) ২০২.৫০ কেজি (গ) ২০.০২৫ কেজি (ঘ) ২০.২৫ কেজি
- ০৯। ৮ কেজি ২৫০ গ্রামকে গ্রামে প্রকাশ করলে কোনটি হবে?  
 (ক) ৮২৫০ (খ) ৮০২৫০ (গ) ৮২৫ (ঘ) ৮২৫০০
- ১০। ১ মেট্রিক টন সমান কত কিলোগ্রাম?  
 (ক) ১০০ (খ) ২০০ (গ) ৫০০ (ঘ) ১০০০
- ১১। ৭ কিলোমিটারকে মিটারে প্রকাশ করলে কত মিটার হবে?  
 (ক) ৭০ (খ) ৭০০ (গ) ৭০০০ (ঘ) ৭০০০০
- ১২। ১০ মিটারকে সেন্টিমিটারে প্রকাশ করলে কি হবে?  
 (ক) ১০ (খ) ১০০ (গ) ১০০০ (ঘ) ১০০০০
- ১৩। ৩০ সেন্টিমিটার ৬ মিলিমিটারকে মিলি মিটারে প্রকাশ করলে কত মিলিমিটার হবে?  
 (ক) ৩০৬ (খ) ৬৩৬ (গ) ৬৩৩ (ঘ) ৬০৬
- ১৪। ৯৯ মিটার ৩০ সেমি ৪ মিলিমিটারকে মিমি একত্রে প্রকাশ করলে কত মিমি হবে?  
 (ক) ৩০৪৯৯ (খ) ৪০৩৯৯ (গ) ৯৯৩০৪ (ঘ) ৯৯৪০৩
- ১৫। ওজন পরিমাপের মূল একক কী?

- ক মিটার                      খ গ্রাম                      গ লিটার                      ঘ কিলোগ্রাম
- ১৬। তরল পদার্থের আয়তন পরিমাপের মূল একক কী?  
ক মিটার                      খ গ্রাম                      গ লিটার                      ঘ কেজি
- ১৭। ১ মিলিমিটার = কত মিটার?  
ক .১ মি.                      খ ০.০১ মি.                      গ ০.০০১ মি.                      ঘ ০.০০০১ মি.
- ১৮। ১০০০ লিটারে কত ঘনমিটার?  
ক ০.১                      খ ১                      গ ০.০১                      ঘ ১০
- ১৯। ১ ঘনমিটার = কত লিটার ?  
ক ১০ লিটার                      খ ১০০ লিটার                      গ ১০০০ লিটার                      ঘ ১০০০০ লিটার
- ২০। ডেসি শব্দের অর্থ হচ্ছে—  
ক দশমাংশ                      খ শতাংশ                      গ শতগুণ                      ঘ দশগুণ

#### সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

- ০১। ১ হেক্টর = কত বর্গমিটার?  
উত্তর : ১০,০০০ বর্গমিটার।
- ০২। ১৫০০ কেজিকে কুইন্টালে প্রকাশ করলে কত হবে?  
উত্তর : ১৫ কুইন্টাল
- ০৩। একটি বেঞ্চের দৈর্ঘ্য ১ মিটার ৫০ সেন্টিমিটার হলে, অনুরূপ ২টি বেঞ্চের মোট দৈর্ঘ্য কত হবে?  
উত্তর : ৩ মিটার
- ০৪। ৫ কিলোমিটারকে সেন্টিমিটারে প্রকাশ কর।  
উত্তর : ৫০০০০০ সেমি
- ০৫। এক কিলোমিটার = কত মিলিমিটার?  
উত্তর : ১০০০০০০ মিলিমিটার
- ০৬। ৯৮৭৬০০০ গ্রামে কত কুইন্টাল?  
উত্তর : ৯৮.৭৬ কুইন্টাল
- ০৭। ১০০০ ঘন সেন্টিমিটার = কত লিটার?  
উত্তর : ১ লিটার
- ০৮। ১ ডেকামি ৮ মিটার = কত মিটার?  
উত্তর : ১৮ মিটার
- ০৯। এক কিলোমিটার = কত মিটার?  
উত্তর : ১০০০ মিটার।
- ১০। কত কুইন্টালে ১ মেট্রিকটন?  
উত্তর : ১০ কুইন্টাল।
- ১১। ৪২৩০০ গ্রাম = কত কুইন্টাল?  
উত্তর : ০.৪২৩ কুইন্টাল।
- ১২। ১ লিটার সমান কত ঘন সেমি?  
উত্তর : ১০০০ ঘন সেমি।
- ১৩। ৯৮৭৫৪৩ কিলোগ্রামে কত মেট্রিকটন?  
উত্তর : ৯৮৭.৫৪৩ মেট্রিকটন।
- ১৪। তরল পদার্থের আয়তন পরিমাপের মূল একক কী?  
উত্তর : লিটার
- ১৫। ওজন পরিমাপের মূল একক কী?  
উত্তর : গ্রাম
- ১৬। এক মেট্রিক টন = কত কিলোগ্রাম?  
উত্তর : ১০০০ কিলোগ্রাম
- ১৭। তরল পদার্থের আয়তন পরিমাপের আন্তর্জাতিক একক কী?  
উত্তর : ঘন মিটার।
- ১৮। দৈর্ঘ্য পরিমাপের মূল একক কী?  
উত্তর : মিটার



১৯। তরল পদার্থের আয়তন পরিমাপের আন্তর্জাতিক একক কী?

উত্তর : ঘনমিটার

২০। ১ কুইন্টাল = কত কিলোগ্রাম?

উত্তর : ১০০ কিলোগ্রাম

### কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১। একটি বড় বালতিতে ৪০ লিটার পানি ধরে।

(ক) অনুরূপ ৭৫টি বালতিতে কত লিটার পানি ধরবে? ৩

(খ) যদি তুমি অনুরূপ একটি খালি বালতি পানি দ্বারা পূর্ণ করতে চাও, তাহলে ৫০০ মিলি লিটার পানি ধরে এমন মগের কত মগ পানি লাগবে? ৩

(গ) পানি ভর্তি বালতি থেকে ১৪ লিটার ৫০০ মিলিলিটার পানি ফেলে দিলে ঐ বালতিতে আর কি পরিমাণ পানি থাকবে? ২

প্রশ্ন ২। একটি বড় কক্ষে ২০০ বস্তা আলু আছে। প্রতি বস্তায় ১০০ কেজি করে আলু আছে।

[প্রা. ক্রি (গ) প. '১৫]

(ক) ঐ কক্ষে মোট কত মেট্রিক টন আলু আছে? ৩

(খ) যদি প্রতি বস্তা আলু ২১০০ টাকা দরে বিক্রয় করা হয়, তাহলে প্রতি কেজি আলুর দাম কত টাকা? ২

(গ) যদি কোনো ব্যক্তি ২৫ কুইন্টাল আলু রাখতে চায় তাহলে অনুরূপ কয়টি বস্তা লাগবে? ৩

প্রশ্ন ৩। একজন দর্জির কাছে ৩৭৫ সেন্টিমিটার সুতি কাপড় আছে এবং তিনি এ কাপড় দিয়ে ১৫টি শার্ট তৈরি করতে চান।

(ক) কাপড়ের পরিমাপকে মিলিমিটারে প্রকাশ কর। ১

(খ) তিনি প্রতিটি শার্টে কত সে.মি. কাপড় ব্যবহার করতে পারবেন? ২

(গ) প্রতিটি শার্টের মজুরী ২৫০ টাকা হলে দর্জির মোট মজুরী কত হবে? ২

(ঘ) কাপড়ের পরিমাপকে মিটারে প্রকাশ করলে ১০টি শার্ট তৈরিতে তার কী পরিমাপ কাপড় লাগবে? ৩

প্রশ্ন ৪। লতিফ মিয়া মালেকের কাছে ১২৭ কেজি ২৫৬ গ্রাম, খালেকের কাছে ১৩৪ কেজি ১২৫ গ্রাম এবং লিটনের কাছে ৮৯ কেজি ৩৪৮ গ্রাম আলু বিক্রি করলেন।

(ক) খালেক লিটন অপেক্ষা কী পরিমাণ আলু বেশি কিনলেন? ২

(খ) তিনি মোট কতটুকু আলু বিক্রি করলেন? ২

(গ) বিক্রিত আলুর পরিমাণকে গ্রামে প্রকাশ কর। ২

(ঘ) তিনি কত কুইন্টাল আলু বিক্রি করলেন? ২

প্রশ্ন ৫। আজিজ সাহেব ৪৫ কিলোগ্রাম আলু থেকে ২৮ কিলোগ্রাম ৪২৫ গ্রাম আলু বিক্রি করলেন।

(ক) ৪৫ কিলোগ্রাম কত গ্রাম? ২

(খ) ২৮ কিলোগ্রাম ২৫ গ্রামকে কিলোগ্রাম এককে প্রকাশ কর। ২

(গ) আজিজ সাহেবের কাছে আর কতটুকু আলু রইল? ২

(ঘ) অবশিষ্ট আলুর পরিমাণকে কুইন্টালে প্রকাশ কর। ২

প্রশ্ন ৬। রহিমের ওজন ২৮ কিলোগ্রাম ৮ ঘেঁ গ্রাম ৯ ডে. গ্রাম ৫ গ্রাম, জহিরের ওজন ৩৫ কিলোগ্রাম ৭ ডে. গ্রাম ৮ গ্রাম এবং চন্দনের ওজন ৩০ কিলোগ্রাম ৫ গ্রাম।

(ক) রহিমের ওজন কত গ্রাম? ২

(খ) জহিরের ওজন কত কিলোগ্রাম? ২

(গ) চন্দনের ওজন কত গ্রাম? ২

(ঘ) তিন জনের একত্রে ওজন কত? ২

প্রশ্ন ৭। ৬৭ কিলোগ্রাম ৯৮ গ্রাম ৬৭ সেন্টিগ্রাম ৮ মিলিগ্রাম।

(ক) ৬৭ সেন্টিগ্রাম ৮ মিলিগ্রামকে সেন্টিগ্রাম এককে প্রকাশ কর। ২

(খ) ৬৭ কিলোগ্রাম ৯৮ সেন্টিগ্রাম = কত কিলোগ্রাম? ২

(গ) প্রদত্ত রাশিটিকে কিলোগ্রাম এককে প্রকাশ কর। ২

(ঘ) 'গ' এ প্রাপ্ত ফলাফলকে কুইন্টালে প্রকাশ কর। ২

প্রশ্ন ৮। একটি গুদামে ৭৮৪০০০ গ্রাম চাল ও ৪৯০০ হেক্টোগ্রাম ডাল আছে।

(ক) চালের পরিমাণ কেজিতে প্রকাশ কর। ১


(খ) ডালের পরিমাণ কেজিতে প্রকাশ কর। ২

(গ) চাল ও ডালের মোট পরিমাণ কত? ২

(ঘ) ডাল অপেক্ষা চাল কত হেক্টোগ্রাম বেশি? ৩

অধ্যায়: ১২ (সময়)

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর



- ঘড়িতে রাত ৮.১৫ মিনিট। আন্তর্জাতিক রীতিতে কোন সময়টি হবে?
- (ক) ৩ টা ৪০ মিনিট (খ) ৮ টা ১৫ মিনিট (গ) ২০ টা ১৫ মিনিট (ঘ) ১৫ টা ৪০ মিনিট
- ০২। নিচের কোন সালটি অধিবর্ষ নয়?
- (ক) ১৬০০ সাল (খ) ১৯০০ সাল (গ) ২০০০ সাল (ঘ) ২৪০০ সাল
- ০৩। ২০১২ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখ বুধবার হলে মাসের শেষ তারিখ কি বার হবে?
- (ক) সোমবার (খ) মঙ্গলবার (গ) বুধবার (ঘ) বৃহস্পতিবার
- ০৪। ২০১১ ইংরেজি সালের ফেব্রুয়ারি মাস কত দিনে?
- (ক) ২৮ দিন (খ) ২৯ দিন (গ) ৩০ দিন (ঘ) ৩১ দিন
- ০৫। রাত ৯টা ১৫ মিনিটকে আন্তর্জাতিক রীতিতে প্রকাশ করলে হবে-
- (ক) ৯টা ১৫ মিনিট (খ) সোয়া ৯টা (গ) ২১টা ১৫ মিনিট (ঘ) রাত ৯:১৫
- ০৬। ২০১২ সালের ফেব্রুয়ারি মাস কত দিনে?
- (ক) ৩০ দিন (খ) ৩১ দিন (গ) ২৮ দিন (ঘ) ২৯ দিন
- ০৭। কোন সালটি অধিবর্ষ?
- (ক) ১৫০০ (খ) ১৬০০ (গ) ১৭০০ (ঘ) ১৮০০
- ০৮। দেশীয় রীতিতে সন্ধ্যা ৭টা আন্তর্জাতিক রীতিতে কত?
- (ক) ১৭টা (খ) ১৮টা (গ) ১৯টা (ঘ) ১৫টা
- ০৯। ইংরেজি ৯ম মাসের নাম কী?
- (ক) জুন (খ) জুলাই (গ) অক্টোবর (ঘ) সেপ্টেম্বর
- ১০। ৩ বছর ৮ দিনকে ঘণ্টায় প্রকাশ কর।
- (ক) ২৬৫৭২ (খ) ২৬৪৭২ (গ) ২৭৭৭২ (ঘ) ২৬৮৭১
- ১১। দেশীয়ভাবে দুপুর ২ টা ১৫ মিনিটকে আন্তর্জাতিক রীতি অনুযায়ী কত বলা হয়?
- (ক) ২ টা ১৫ মিনিট (খ) ১৪ টা ৭৫ মিনিট (গ) ১৮ টা ১৫ মিনিট (ঘ) ১৪ টা ১৫ মিনিট
- ১২। আন্তর্জাতিক রীতিতে ০ টা ১২ মিনিট হলে দেশীয় রীতিতে তা কত হবে?
- (ক) রাত ১২ টা ১২ মিনিট (খ) দুপুর ১২ টা ১২ মিনিট (গ) সন্ধ্যা ৬ টা ১২ মিনিট (ঘ) সকাল ৬ টা ১২ মিনিট
- ১৩। পঞ্চদশ শতাব্দী কত সাল থেকে কত সাল পর্যন্ত?
- (ক) ১৫০১ থেকে ১৫৯৯ সাল পর্যন্ত (খ) ১৫০১ থেকে ১৬০০ সাল পর্যন্ত (গ) ১৫০০ থেকে ১৬০০ সাল পর্যন্ত (ঘ) ১৪০১ থেকে ১৫০০ সাল পর্যন্ত
- ১৪। ৫ মাস ১৫ দিন = কত ঘণ্টা?
- (ক) ৪০৬০ (খ) ৩৯৬০ (গ) ৩৮৬০ (ঘ) ৩৬০০
- ১৫। ৮৯৭৬০ ঘণ্টাকে বছর ও মাসে প্রকাশ কর?
- (ক) ১২ বছর ২ মাস (খ) ৩ বছর ১০ মাস (গ) ১১ বছর ৫ মাস (ঘ) ১০ বছর ৩ মাস
- ১৬। অধিবর্ষে কত দিনে এক বছর হয়?
- (ক) ৩৬০ (খ) ৩৬৫ (গ) ৩৬৬ (ঘ) ৩৬৭
- ১৭। ইংরেজী দ্বাদশ মাস কোনটি?
- (ক) জানুয়ারি (খ) সেপ্টেম্বর (গ) নভেম্বর (ঘ) ডিসেম্বর
- ১৮। ১৩০০ সাল কত দিনের ছিল?
- (ক) ৩৬০ (খ) ৩৬২ (গ) ৩৬৫ (ঘ) ৩৬৬
- ১৯। ৪ বছর ৩ মাস ১০ দিনকে ঘণ্টায় পরিণত করলে কত ঘণ্টা হয়?
- (ক) ৩৫৪৪০ (খ) ৩৬৪৪০ (গ) ৩৭৪৪০ (ঘ) ৩৮৪৪০
- ২০। কোন সালটি অধিবর্ষ?
- (ক) ১৩০০ (খ) ১৯৯৭ (গ) ২০০৮ (ঘ) ২১০০
- ২১। ৯৫০৪০ মিনিট = কত?
- (ক) ৩ মাস ৬ দিন (খ) ৩ মাস ৬ দিন ৯ ঘণ্টা ৪৪ মিনিট (গ) ২ মাস ৬ দিন (ঘ) ২ মাস ৬ দিন ৯ ঘণ্টা ৪৪ মিনিট
- ২২। ২৪০০ সালে ফেব্রুয়ারি মাস কত দিনে হবে?
- (ক) ২৮ (খ) ২৯ (গ) ৩০ (ঘ) ৩১

- ২৩। ১৬ : ৪৫ কে ১২ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ করলে কোনটি হবে?  
 (ক) ৪ : ৪৫ (খ) পূর্বাহ্ন ৪ : ৪৫ (গ) অপরাহ্ন ৪ : ৪৫ (ঘ) অপরাহ্ন ৪ : ৪৫
- ২৪। বাংলা মতে, এক সূর্যোদয় থেকে সূর্যাস্ত সময়কে কী বলা হয়?  
 (ক) ভোর (খ) দিন (গ) সন্ধ্যা (ঘ) রাত
- ২৫। ধারাবাহিকভাবে ১০ বছর সময়কালকে কী বলে?  
 (ক) এক দশক (খ) এক যুগ (গ) অধিবর্ষ (ঘ) এক শতাব্দী
- ২৬। অধিবর্ষে ফেব্রুয়ারি মাস কত দিনে হয়?  
 (ক) ২৯ (খ) ৩০ (গ) ২৮ (ঘ) ৩১
- ২৭। ১ শতাব্দী = কত বছর?  
 (ক) ১০ বছর (খ) ১২ বছর (গ) ১০০ বছর (ঘ) ৩৬৫ বছর
- ২৮। বাংলা মতে কখন থেকে দিন ও তারিখ শুরু হয়?  
 (ক) সূর্যাস্ত থেকে (খ) সূর্যোদয় থেকে (গ) দুপুর ১২ থেকে (ঘ) রাত ১২টার পর থেকে
- ২৯। ১ যুগ = কত বছর?  
 (ক) ১০ (খ) ১২ (গ) ২৫ (ঘ) ১১০০

#### সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

- ০১। ২০১২ সাল কি অধিবর্ষ?  
 উত্তর : হ্যাঁ অধিবর্ষ
- ০২। দেশীয় রীতিতে রাত ১২টা ২৫ মিনিট আন্তর্জাতিক রীতিতে সময় কত হবে?  
 উত্তর : ০ টা ২৫ মিনিট
- ০৩। তোমার স্কুল অপরাহ্ন ৪ টায় ছুটি হলে আন্তর্জাতিক রীতিতে কয়টার সময় স্কুল ছুটি হলো?  
 উত্তর : ১৬ টায়
- ০৪। রাত ১১ টা ৩০ মিনিট আন্তর্জাতিক রীতিতে কয়টা বাজে?  
 উত্তর : ২৩ টা ৩০ মিনিট
- ০৫। ১লা ডিসেম্বর বৃহস্পতিবার হলে, ঐ মাসের শেষ তারিখ কী বার?  
 উত্তর : শনিবার
- ০৬। ২০০৪ সালের ফেব্রুয়ারি মাস কত দিন ছিল?  
 উত্তর : ২৯ দিন
- ৭। ২১০০ সাল অধিবর্ষ কি? উত্তর : না, অধিবর্ষ নয়।
- ০৮। ১ দিন = কত সেকেন্ড? উত্তর : ৮৬৪০০ সেকেন্ডে।
- ০৯। কোন সাল থেকে কোন সাল পর্যন্ত বিংশ শতাব্দী?  
 উত্তর : ১৯০১ থেকে ২০০০ সাল পর্যন্ত
- ১০। ২০০০ সালের দিন সংখ্যা কত ছিল?  
 উত্তর : ৩৬৬ দিন
- ১১। ৫ বছর ৪ দিন = কত মিনিট?  
 উত্তর : ২৬৩৩৭৬০ মিনিট।
- ১২। ৩৬২৯০ ঘণ্টাকে বছর, মাস, দিন, ঘণ্টায় প্রকাশ কর।  
 উত্তর : ৪ বছর ১ মাস ২২ দিন ২ ঘণ্টা।
- ১৩। ৩ বছর ৫ মাস ১৫ দিনকে সেকেন্ডে পরিণত কর।  
 উত্তর : ১০৮৮৬৪০০০ সেকেন্ডে।
- ১৪। ৮৯৭৬০ ঘণ্টাকে বছর ও মাসে পরিণত কর।  
 উত্তর : ১০ বছর ৩ মাস
- ১৫। একটি বাস ৩ : ৪৫ এ বাসস্ট্যান্ড ছেড়ে যায় এবং ৪ ঘণ্টা ২০ মিনিট পর ফিরে আসে। বাসটি কখন ফিরে আসে?  
 উত্তর : ৮ : ০৫ এ ফিরে আসে।
- ১৬। জানুয়ারি মাসের ১ তারিখ বুধবার হলে ৩১ তারিখ কী বার হবে?  
 উত্তর : শুক্রবার।
- ১৭। কোন রীতিতে রাত, অপরাহ্ন, বিকাল ইত্যাদি বলা হয় না?  
 উত্তর : আন্তর্জাতিক রীতিতে
- ১৮। ধারাবাহিক ১২ বছর সময়কে কী বলে?  
 উত্তর : ১ যুগ

- ১৯। এক দশক = কত বছর?                      উত্তর : ১০ বছর  
 ২০। এক শতাব্দী = কত বছর?                      উত্তর : ১০০ বছর।  
 ২১। বাংলা বছরের ৭ম মাসের নাম কী?  
 উত্তর : কার্তিক মাস।

### কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১। একটি প্লেন কোনো শহর ১১:৫০ মিনিটে ত্যাগ করে ১৫:২৫ মিনিটে গন্তব্যে পৌঁছায়।

- (ক) ১২ ঘন্টা সময়সূচি অনুযায়ী প্লেনটি কখন গন্তব্যে পৌঁছায়?                      ২  
 (খ) প্লেনটি কত ঘন্টা এবং কত মিনিট ভ্রমণ করল?                      ৩  
 (গ) খারাপ আবহাওয়ার কারণে প্লেনটি ছাড়তে ৫০ মিনিট বিলম্ব হলে কখন গন্তব্যে পৌঁছাবে?                      ৩

প্রশ্ন ২। রংপুরগামী রংপুর এক্সপ্রেস ট্রেন ঢাকা কমলাপুর স্টেশন থেকে সকাল ৯ টা ১৫ মিনিটে যাত্রা শুরু করে রংপুর স্টেশনে ১৬ টা ৪০ মিনিটে পৌঁছলো।

- (ক) ট্রেনটি রংপুর স্টেশনে দেশীয় রীতিতে কয়টায় পৌঁছালো?                      ২  
 (খ) ঢাকা থেকে রংপুরে পৌঁছাতে ট্রেনটির কত সময় লাগলো?                      ২  
 (গ) রংপুরে পৌঁছার সময়কে মিনিটে প্রকাশ কর।                      ২  
 (ঘ) ট্রেনটি ৫ পাঁচটি স্টেশনে গড়ে ১০ মিনিট করে থেমে থাকলে মোট কত সেকেন্ড থেমেছিল?                      ২

প্রশ্ন ৩। সহিদুল ২ দিন ৩ ঘন্টা ট্রেন ভ্রমণ করে ঢাকায় পৌঁছালো।

- (ক) ৩ ঘন্টাকে মিনিটে প্রকাশ কর।                      ২  
 (খ) ২ দিনকে মিনিটে রূপান্তর কর।                      ২  
 (গ) সহিদুলের ভ্রমণের সময়কালকে সেকেন্ডে প্রকাশ কর।                      ২  
 (ঘ) ৩ ঘন্টা = কত দিন?                      ২

প্রশ্ন ৪। একটি বিআরটিসি বাস দুপুর ১ টা ৪০ মিনিটে বাসস্টপ ছেড়ে যায় এবং বিকাল ৪ টা ১ মিনিটে ফিরে আসে।

- (ক) দুপুর ১ টা ৪০ মিনিটকে ২৪ ঘন্টা সময়সূচিতে প্রকাশ কর।                      ২  
 (খ) বিকাল ৪ টা ১ মিনিটকে ২৪ ঘন্টা সময়সূচিতে প্রকাশ কর।                      ২  
 (গ) বাসটি কতক্ষণ ভ্রমণ করে?                      ২  
 (ঘ) বাসটির ভ্রমণের সময়কে সেকেন্ডে রূপান্তর কর।                      ২

প্রশ্ন ৫। মাসুক ২০১২ সালের ২৬ শে ফেব্রুয়ারি সোমবার বাড়ি থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হলো। সে ৯ দিন পরে বাড়িতে ফিরে এলো।

- (ক) ২০১২ সালে কত দিনে বছর হয়েছিল?                      ২  
 (খ) সে কত তারিখে ফিরে এসেছিল?                      ২  
 (গ) সে কী বারে ফিরে এসেছিল?                      ২  
 (ঘ) সে কত মিনিট পর বাড়িতে ফিরে এলো?                      ২

প্রশ্ন ৬। একটি দূরপাল্লার বাস ২৪ ঘন্টা সময়সূচিতে ৭ : ৩০ এ রওনা করে এবং ১৬ : ৪৫ এ গন্তব্যে পৌঁছায়। যাত্রাপথে ৩টি স্টপে বাসটি যথাক্রমে ১৪, ২৫ ও ৩০ মিনিট যাত্রা বিরতি দেয়।

- (ক) ১৬ : ৪৫ কে ১২ ঘন্টা সময়সূচিতে প্রকাশ কর।                      ২  
 (খ) বাসটির ভ্রমণকাল নির্ণয় কর।                      ২  
 (গ) বাসটি কত সেকেন্ড যাত্রা বিরতি দিয়েছিল?                      ২  
 (ঘ) বাসটি কত সময় চলন্ত অবস্থায় ছিল?                      ২

অধ্যায়: ১৩ (উপাত্ত বিন্যস্তকরণ)

### বছনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১। একটি গ্রামের আয়তন ৪ বর্গকিলোমিটার। সে গ্রামে ৪০০০ জন লোক বাস করে। ঐ গ্রামের জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে কত জন?

- (ক) ১০০                      (খ) ১০০০                      (গ) ৪০০০                      (ঘ) ১৬০০০

০২। ৪০ - ৪৯ শ্রেণি ৭ জন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বরের শ্রেণি। এখানে ৭ জন ছাত্র হল ঐ শ্রেণির—

- (ক) গণসংখ্যা                      (খ) শ্রেণি সংখ্যা                      (গ) ট্যালি সংখ্যা                      (ঘ) উপাত্ত সংখ্যা

০৩। নিচের কোন সংখ্যাটি ৬০ - ৬৯ শ্রেণিতে পড়বে?

- (ক) ৫৮                      (খ) ৬৮                      (গ) ৭৮                      (ঘ) ৮৮

০৪। ঘটনসংখ্যা ৬ এর সঠিক ট্যালি চিহ্ন কোনটি?

- (ক) IIII                      (খ) IIII                      (গ) IIII                      (ঘ) IIII

০৫। নিচের কোনটি ১০ শ্রেণি ব্যবধানের?

- (ক) ৪০ - ৫০                      (খ) ৪০ - ৪৯                      (গ) ২০ - ৩০                      (ঘ) ৩০ - ৪০


- ০৬। ১৫ জন শিক্ষার্থীর গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর দেওয়া হলো। শ্রেণি ব্যবধান হিসেবে সারগি তৈরি করলে তার ঘটন সংখ্যা কত হবে?  
 (ক) ১০ (খ) ১২ (গ) ১৩ (ঘ) ১৫
- ০৭। উপাত্তগুলোকে যে কয়টি ভাগে বিভক্ত করা হয়, তাদেরকে কী বলে?  
 (ক) শ্রেণি (খ) শাখা (গ) বিভাগ (ঘ) জাতি
- ০৮। নিচের কোনটি সঠিক?  
 (ক) জনসংখ্যা = জনসংখ্যার ঘনত্ব ÷ আয়তন (খ) আয়তন = জনসংখ্যার ঘনত্ব ÷ জনসংখ্যা  
 (গ) জনসংখ্যা = জনসংখ্যার ঘনত্ব × আয়তন (ঘ) জনসংখ্যা = আয়তন ÷ জনসংখ্যার ঘনত্ব
- ০৯। খুলনা বিভাগের জনসংখ্যা ১৫,৫৬৩০০০ এবং আয়তন ২২,২৭২ বর্গ কিলোমিটার হলে প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব কত?  
 (ক) ৭৭২ (খ) ৭০২ (গ) ৬৯৯ (ঘ) ৬৫২
- ১০। শাহজাহানপুর গ্রামের জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কি.মি. এ ৯৬৪ জন এবং মোট আয়তন ১৪৮ বর্গ কি.মি. হলে মোট জনসংখ্যা কত?  
 (ক) ১৫২৪২০ (খ) ১৪৫৩১৯ (গ) ১৪২৬৭২ (ঘ) ১৩৯৩১৯
- ১১। ৩০-৩৯ শ্রেণি ৯ জন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বরের শ্রেণি। এখানে ৩০-৩৯ হলো ঐ শ্রেণির—  
 (ক) ট্যালিসংখ্যা (খ) গণসংখ্যা (গ) শ্রেণিব্যবধান (ঘ) উপাত্ত সংখ্যা
- ১২। কোনো উপাত্তের একটি শ্রেণির সর্বনিম্নমান ১৫ এবং শ্রেণি ব্যবধান ১০ হলে ঐ শ্রেণির সর্বোচ্চমান কত?  
 (ক) ২৪ (খ) ২৫ (গ) ১৯ (ঘ) ২০
- ১৩। ২০১১ সালের জনসংখ্যা এবং আবাসন শুমারী অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব কত?  
 (ক) ৯৫১ (খ) ৯৫৯ (গ) ৯৬৪ (ঘ) ৯৫৯
- ১৪। বাংলাদেশের মোট এরিয়া কত?  
 (ক) ১,৪৭,৪৭০ বর্গ কিলোমিটার (খ) ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার (গ) ১,৪৭,৬৭০ বর্গ কিলোমিটার (ঘ) ১,৪৭,৭০০ বর্গ কিলোমিটার

#### সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

- ০১। ৩০ — ৩৯ শ্রেণির শ্রেণি ব্যবধান কত?  
 উত্তর : ১০
- ০২। কোনো শ্রেণির ঘটনসংখ্যা ৭ কে ট্যালি চিহ্ন দিয়ে লেখ।  
 উত্তর : |||
- ০৩। ঘটনসংখ্যা ১০ এর ট্যালি চিহ্ন লেখ।  
 উত্তর : ||| |||
- ০৪। রতনপুর গ্রামের এরিয়া ৫ বর্গ কিলোমিটার। সেই গ্রামে ৩০০০ লোক বাস করলে জনসংখ্যার ঘনত্ব কত?  
 উত্তর : প্রতি বর্গ কিলোমিটারে ৬০০ জন।
- ০৫। কোনো গ্রামের আয়তন ৪ বর্গ কিলোমিটার এবং জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে ৮০০ জন হলে ঐ গ্রামের কতজন লোক বাস করে?  
 উত্তর : ৩২০০ জন।
- ০৬। শ্রেণি ব্যবধান কী?  
 উত্তর : প্রত্যেক শ্রেণির দুইটি মানের মধ্যকার পার্থক্যই শ্রেণি ব্যবধান।
- ০৭। চাক্ষুষ প্রদর্শনের জন্য রেখার সাহায্যে যে চিত্র আঁকা হয় তাকে কী বলে?  
 উত্তর : লেখচিত্র।
- ০৮। উপাত্ত কত প্রকার ও কী কী?  
 উত্তর : ২ প্রকার। অবিন্যস্ত উপাত্ত ও বিন্যস্ত উপাত্ত।
- ০৯। শ্রেণি ব্যবধান বলতে কী বোঝায়?  
 উত্তর : প্রত্যেক শ্রেণির সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের মধ্যে পার্থক্য ব্যবধানই হলো শ্রেণি ব্যবধান।
- ১০। বিন্যস্ত উপাত্ত কাকে বলে?  
 উত্তর : যে উপাত্তগুলো কোনো বৈশিষ্ট্য অনুযায়ী বিভিন্ন শ্রেণিতে সাজানো থাকে সেগুলো বিন্যস্ত উপাত্ত।
- ১১। অবিন্যস্ত উপাত্ত কাকে বলে?  
 উত্তর : যে উপাত্তগুলো কোনো বৈশিষ্ট্য অনুযায়ী সাজানো থাকে না সেগুলো অবিন্যস্ত উপাত্ত।
- ১২। কত বছর পর পর আদমশুমারী হয়ে থাকে?  
 উত্তর : ১০ বছর।
- ১৩। বাংলাদেশের মোট এরিয়া কত বর্গকিলোমিটার?  
 উত্তর : ১,৪৭,৫৭০।


#### কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১ ১ ১ একটি ওয়ানডে ক্রিকেট খেলায় একজন বোলার দশ ওভার বল করলেন। বিভিন্ন ওভারে তাঁর দেয়া রান সংখ্যা (অর্থাৎ, বিপক্ষের ব্যাটসম্যানদের সংগৃহীত রান সংখ্যা) নিচের স্তম্ভ লেখে দেখানো হলো। লেখচিত্র দেখে নিচের প্রশ্নগুলোর জবাব দাও।



- (ক) তিনি কোন ওভারে সবচেয়ে বেশি কত রান দিয়েছেন? ২
- (খ) তিনি কোন ওভারে সবচেয়ে কম কত রান দিয়েছেন? ২
- (গ) তিনি দশ ওভারে মোট এবং প্রতি ওভারে গড়ে কত রান দিয়েছেন? ২
- (ঘ) রানের সংখ্যাগুলো মানের নিম্নক্রমে সাজাও এবং রানের সংখ্যার নিচে সংশ্লিষ্ট ওভারের ক্রমবাচক সংখ্যা লেখ। ২

প্রশ্ন ২ ২ ২ বার্ষিক পরীক্ষায় জাফরের বিভিন্ন বিষয়ের প্রাপ্ত নম্বর নিচে স্তম্ভলেখের সাহায্যে দেখানো হলো। লেখচিত্র দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।




- (ক) কোন বিষয়ে সে সবচেয়ে বেশি নম্বর পেয়েছে? ২
- (খ) কোন বিষয়ে সে সবচেয়ে কম নম্বর পেয়েছে? ২
- (গ) সে গণিত বিষয়ে কত নম্বর পেয়েছে? ২
- (ঘ) সে মোট কত নম্বর পেয়েছে? ২

প্রশ্ন ৩ ৩ ৩ পঞ্চগড় জেলার লোকসংখ্যা ৯ লক্ষ ৮১ হাজার এবং এর এরিয়া ১৪০৫ বর্গকিলোমিটার।

- (ক) জনসংখ্যা ঘনত্ব বলতে কী বুঝ? ২
- (খ) জনসংখ্যা ঘনত্ব কীভাবে নির্ণয় করা যায়? ২
- (গ) পঞ্চগড় জেলায় জনসংখ্যার ঘনত্ব কত? ২
- (ঘ) বর্তমানে এই শহরে প্রতি বর্গকিলোমিটারে ৭৫০ জন বাস করে তবে মোট জনসংখ্যা কত? ২

প্রশ্ন ৪ ৪ ৪ শ্রেণির শিক্ষার্থীদের বাসা থেকে বিদ্যালয়ে আসতে কত মিনিট সময় লাগে তার উপর করা জরিপের উপাত্তের উপর ভিত্তি করে নিচের আয়তলেখ তৈরি করা হলো।



বাসা থেকে বিদ্যালয়ে আসার সময়

- (ক) কোন শ্রেণি ব্যবধানে শিক্ষার্থীর সংখ্যা বেশি? ২  
 (খ) ৫ম শ্রেণির কতজন শিক্ষার্থী জরিপের আওতায় এসেছে? ৩  
 (গ) শতকরা কতজন শিক্ষার্থীর বিদ্যালয়ে আসতে ৩০ মিনিটের বেশি সময় লাগে? ৩

অধ্যায়: ১৪ (ক্যালকুলেটর ও কম্পিউটার)

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

- ০১।  $১৭ + ৯ = ২৬$  বের করতে একটি সচল ক্যালকুলেটরে কতটি বোতাম টিপতে হবে?  
 (ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি
- ০২। ক্যালকুলেটরে  $২৫ - ৩$  এর সমাধান কত?  
 (ক) ২৫ (খ) ২৩ (গ) ২২ (ঘ) ১৫
- ০৩। ক্যালকুলেটরে  $২৫ - ০$  এর সমাধান কত?  
 (ক) ২ (খ) ২৫ (গ) ১৫ (ঘ) ১
- ০৪। ক্যালকুলেটরে  $২২০ \times ০$  এর সমাধান কত?  
 (ক) ০ (খ) ২০ (গ) ২২০ (ঘ) ১
- ০৫।  $৪৫ \div ৫ \times ৮ - ৭১ =$  কত? সমাধানে ক্যালকুলেটর কয়টি বোতাম টিপতে হবে?  
 (ক) ৭টি (খ) ৮টি (গ) ৯টি (ঘ) ১০টি
- ০৬।  $৬ \times ৪ \div ৩$  এর সমাধানে সবশেষে কোন বোতাম টিপতে হবে?  
 (ক) = (খ)  $\div$  (গ) ৪ (ঘ) ৩
- ০৭।  $৮ + ৫ = ১৩$ ; সমস্যাটির সমাধান করতে কয়টি বোতাম চাপতে হবে?  
 (ক) ৩টি (খ) ৪টি (গ) ৫টি (ঘ) ৬টি
- ০৮।  $৯২ + ১৩ - ৮ \times ৯ = ৩৩$  পেতে ক্যালকুলেটর কতবার বোতাম টিপতে হবে?  
 (ক) ৬ (খ) ৮ (গ) ১০ (ঘ) ১৩
- ০৯।  $৮ \times ৪ \div ৩$  এর সমাধানে সবশেষে কোন বোতাম টিপতে হবে?  
 (ক) = (খ)  $\div$  (গ) ৩ (ঘ) ON/AC
- ১০।  $৭৫ + ১১ - ৭ \times ৯ = ২৩$  পেতে ক্যালকুলেটরে কতবার টিপতে হবে?  
 (ক) ৮ (খ) ১০ (গ) ১২ (ঘ) ১৩
- ১১। ইংরেজি কম্পিউট (Compute) শব্দের বাংলা কোনটি?  
 (ক) হিসাব করা (খ) হিসাব রাখা (গ) হিসাব দেওয়া (ঘ) হিসাব নেওয়া
- ১২। কম্পিউটারের মূল অংশ কয়টি?  
 (ক) ১টি (খ) ২টি (গ) ৩টি (ঘ) ৪টি
- ১৩। ক্যালকুলেটর সচল করার জন্য কোন বোতাম টিপতে হয়?  
 (ক) AC/ON (খ) CE (গ) M+ (ঘ) M-
- ১৪। নিচের কোনটি ইনপুট ডিভাইস?  
 (ক) মাউস (খ) মেমোরি (গ) প্রসেসর (ঘ) প্রিন্টার
- ১৫। নিচের কোনটি আউটপুট ডিভাইস?  
 (ক) কি-বোর্ড (খ) মনিটর (গ) মেমোরি (ঘ) প্রসেসর
- ১৬। নিচের কোনটি কম্পিউটারের মূল অংশের একটি?  
 (ক) কি-বোর্ড (খ) মাউস (গ) প্রসেসর (ঘ) প্রিন্টার
- ১৭। প্রয়োজনীয় তথ্য, উপাত্ত ও নির্দেশাবলি প্রসেসর পালন করে এর ফলাফল কোথায় পাঠিয়ে দেয়?

- ১৮। **ক** মেমোরিতে **খ** মনিটরে **গ** প্রিন্টারে **ঘ** কি-বোর্ডে  
**ক** মেমোরি **খ** মনিটর **গ** মাউস **ঘ** প্রিন্টার

**সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর**

- ০১। ‘অন’ করা ক্যালকুলেটর কয়টি বোতাম টিপে নিচের হিসাবটি পাওয়া যাবে?  $১৭ + ৯ = ২৬$   
উত্তর : ৫টি
- ০২।  $৮ + ৭ =$  কত? এই যোগটি সচল ক্যালকুলেটর ব্যবহার করে করতে গেলে কয়টি বোতাম টিপতে হবে?  
উত্তর : ১৫, ৪টি
- ০৩।  $৮ \times ৩ =$  কত? ক্যালকুলেটর ব্যবহার করে দেখাও।  
উত্তর : ২৪;
- ০৪। ক্যালকুলেটর ব্যবহার করে নির্ণয় কর :  $৫ \times ৩ =$  কত?  
উত্তর :
- ০৫। ইংরেজি কম্পিউট (Compute) বাংলা অর্থ কী?  
উত্তর : ইংরেজি কম্পিউট (Compute) বাংলা অর্থ হিসাব করা।
- ০৬। কম্পিউটারের একটি ইনপুট ডিভাইস-এর নাম লিখ।  
উত্তর : কি-বোর্ড
- ০৭। ক্যালকুলেটর কী?  
উত্তর : ক্যালকুলেটর হিসাব-নিকাশের একটি সহায়ক যন্ত্র।
- ০৮। ক্যালকুলেটরে কয়টি প্রদর্শন বক্স থাকে?  
উত্তর : ১টি
- ০৯। ক্যালকুলেটর ব্যবহারের শুরুতে কোন বোতাম টিপে মেশিন সচল করতে হয়?  
উত্তর :
- ১০। ক্যালকুলেটরের ব্যবহার শেষ হলে কোন বোতাম টিপে তা বন্ধ করতে হয়।  
উত্তর :
- ১১। কম্পিউটার কী?  
উত্তর : কম্পিউটার একটি ইলেকট্রনিক যন্ত্র।
- ১২। ক্যালকুলেটর কয় প্রকার?  
উত্তর : ২ প্রকার।
- ১৩। বর্তমান যুগকে কীসের যুগ বলা হয়?  
উত্তর : কম্পিউটারের যুগ।
- ১৪। ক্যালকুলেটর সাধারণত কোন কোন ক্ষেত্রে ব্যবহার করা হয়?  
উত্তর : দৈনন্দিন বাড়ির কাজে, দোকানে এবং ক্ষুদ্র ব্যবসায় হিসাবের কাজে ব্যবহার করা হয়।
- ১৫। বৈজ্ঞানিক ক্যালকুলেটর ব্যবহারের ক্ষেত্র উল্লেখ কর।  
উত্তর : বৈজ্ঞানিক ক্যালকুলেটর মাধ্যমিক বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এবং পরীক্ষাগারে ব্যবহার করা হয়।

**কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর**

**১** রুবেল দোকান থেকে ৪২০ টাকার মাছ, ৫০ টাকার সবজি, ৭০ টাকার পেঁয়াজ ও ১৯০ টাকার তেল ক্রয় করল। সে দোকানদারকে ৫০০ টাকার ২টি নোট দিল।

ক্যালকুলেটরের সাহায্যে হিসাব কর :

- (ক) রুবেল কত টাকার পেঁয়াজ ও তেল ক্রয় করল? ২  
(খ) ১ লিটার তেলের মূল্য ৯৫ টাকা হলে সে কত লিটার তেল ক্রয় করল? ২  
(গ) রুবেল মোট কত টাকার বাজার করল? ২  
(ঘ) দোকানদার তাকে কত টাকা ফেরত দিল? ২

**২** অমিত দোকান থেকে ৪৪ টাকা করে ৫ কেজি চাল, ১২০ টাকার ১ কেজি ডাল, এবং ৬০ টাকা করে ৩ কেজি পেঁয়াজ কিনল। সে দোকানদারকে ১০০০ টাকা দিল।

ক্যালকুলেটরের সাহায্যে হিসাব কর :



- (ক) অমিত মোট কত কেজি সামগ্রী কিনল? ২  
 (খ) অমিত মোট কত টাকার বাজার করল? ২  
 (গ) দোকানদার অমিতকে কত টাকা ফেরত দিল? ২  
 (ঘ) দোকানদার তাকে কতটি ২০ টাকার নোট ফেরত দিতে পারে? ২

**৩** ১ হালি ডিমের দাম ৪০ টাকা। সেলিম ২ ডজন ডিম কিনে দোকানদারকে ৫০০ টাকার একটি নোট দিল। [১ ডজন = ১২টি]  
 ক্যালকুলেটরের সাহায্যে হিসাব কর :

- (ক) সেলিম কত হালি ডিম কিনল? ২  
 (খ) সেলিম কত টাকার ডিম কিনল? ২  
 (গ) দোকানদার সেলিমকে কত টাকা ফেরত দিল? ২  
 (ঘ) প্রতি ডজন ডিমের দাম ১০ টাকা বেড়ে গেলে দোকানদারের ফেরত দেওয়া টাকায় আর কত ডজন ডিম কেনা যাবে? ২

**৪** একটি গাড়ি ঘণ্টায় ৮০ কিলোমিটার দূরত্ব অতিক্রম করে। ঢাকা থেকে কোনো স্থানের দূরত্ব ৩৬০ কিলোমিটার। মাঝে গাড়িটি ৩০ মিনিটের যাত্রাবিরতি দেয়।

ক্যালকুলেটরের সাহায্যে হিসাব কর :

- (ক) গাড়িটি সাড়ে ৬ ঘণ্টায় কত দূরত্ব অতিক্রম করবে? ২  
 (খ) যাত্রাবিরতি দিলে ঢাকা থেকে উক্ত স্থানে যেতে গাড়িটির কত সময় লাগবে? ২  
 (গ) যাত্রাবিরতি না দিলে ঢাকা থেকে উক্ত স্থানে যেতে কত সময় লাগবে? ২  
 (ঘ) প্রতি কিলোমিটারের ভাড়া ১.১০ টাকা হলে ঢাকা থেকে উক্ত স্থানে যেতে ভাড়া বাবদ কত খরচ হবে? ২

**৫** নন্দিনী দোকান থেকে ৪৫ টাকা করে ৩টি খাতা, ২৫ টাকা করে ২টি কলম ও ১০ টাকা করে ২টি রাবার ক্রয় করে। সে দোকানদারকে ৫০ টাকার ৪টি নোট দিল।

ক্যালকুলেটরের সাহায্যে হিসাব কর :

- (ক) নন্দিনী কতটি সামগ্রী ক্রয় করে? ২  
 (খ) নন্দিনী মোট কত টাকার সামগ্রী ক্রয় করে? ২  
 (গ) দোকানদার নন্দিনীর কাছে আর কত টাকা পাবে? ২  
 (ঘ) অবশিষ্ট টাকা পরিশোধে দোকানদারকে আরো ৫০ টাকা দেওয়া হলে দোকানদারের ফেরত দেওয়া টাকায় নন্দিনী ৫ টাকা করে কয়টি পেন্সিল কিনতে পারবে? ২

**৬** শাবাব মোহাম্মদপুর বাজার থেকে ৩৫০ টাকার মাছ, ৭৬ টাকার সবজি, ২৪ টাকার ডিম ও ৮২ টাকার ফল ক্রয় করল। সে ৬০০ টাকা দোকানদারকে দিল।

ক্যালকুলেটর বা কম্পিউটার ব্যবহার করে :

- (ক) মাছ ও সবজির মোট মূল্য কত? ২  
 (খ) সবজি, ডিম ও ফল বাবদ কত টাকা খরচ করল? ২  
 (গ) শাবাব মোট কত টাকা খরচ করল? ২  
 (ঘ) বাজার থেকে আসতে রিকসা ভাড়ায় ২০ টাকা খরচ করলে আর কত টাকা থাকবে? ২